

অন্তর্গত রাজন নন্দী

ছোট্ট একটা ছেলে, তার লাল টুকটুকে বলটাকে ঠেলে
দিয়ে সবুজ মাঠে; হাতে তালি দিয়ে বলে উঠে 'বাংলাদেশ'।
কে জানে কেন তার ছোট্ট বুক, গোটা মাঠ খানা গিয়ে ঢুকে
পতাকার মত উড়ে!

ছোট্ট একটা ছেলে, বুকের ভেতর থেকে অকস্মাৎ বলে 'বাংলাদেশ'।
রংয়ের বিন্যাস তার অজানা,
তবুও সে তৎক্ষণাৎ মেলাল কি নিঁখুত জ্যামিতি!

তারপর ছুটে গিয়ে বলটাকে তুলে নিয়ে শূন্যে দিল ছুড়ে।

ছোট্ট একটা ছেলে, তার লাল টুকটুকে বলটাকে লুফে নিয়ে বুকের কাছে
অবিরল হেসে গড়াগড়ি খায় ঘাসের চাদরে।

যেন মায়ের কোলে পরম আদরে, লাল সবুজে মাখামাখি
সেই মা যে জনুর ক্ষণে, নাড়ি কাটা ধনে চুম্ব দিয়ে বলে 'সোনামণি'।
